

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১.	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রেশম চাষীদের গুটির মূল্য পরিশোধ করা ০১/১০/২০১৯	পূর্বে ম্যানুয়েল পদ্ধতিতে রেশম চাষীদের গুটির মূল্য পরিশোধে বিভিন্ন সমস্যা হত। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রেশম চাষীদের গুটির মূল্য পরিশোধ অধিকতর সহজ হয়েছে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গুটির মূল্য পরিশোধ প্রক্রিয়া চলমান রয়েছে।	চলমান রয়েছে	হ্যাঁ		
০২.	সেরিকালচার বর্ষপঞ্জিকা ০৮/০৬/২০২১	বর্ষপঞ্জিকা সকল বসনী, চাষী ও কার্যালয়ে সরবরাহের ফলে সকলেই জানতে পারবে কোন সময়ে ও কোন তারিখে রেশম চাষে কোন কাজ কখন করতে হবে। এর ফলে স্বল্প শিক্ষিত চাষী/বসনী পঞ্জিকা দেখে সময়মত তাঁত কাজ সম্পাদন করার ব্যাপারে সচেতন থাকতে পারবে।	চলমান রয়েছে	হ্যাঁ		
০৩.	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ১৮ মাসের অভোগ্য অর্জিত ছুটি নগদায়ন (লামগ্র্যান্ড) অর্থ এবং গ্রাচুইটির অর্থ পরিশোধ সেবা সহজিকরণ ১৩/০৪/২০২১	এ উদ্যোগের মাধ্যমে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ল্যামগ্র্যান্ড/গ্রাচুইটির অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে কোন ভোগান্তি ছাড়াই তার নিজস্ব ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধের জন্য জমা হবে। ফলে অবসরপ্রাপ্ত পরিশোধের জন্য জমা হবে। ফলে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের প্রাপ্য অর্থ অতি সহজেই গ্রহণ করতে পারবেন। আগের মত আর দীর্ঘ সময় অপেক্ষা করতে হবে না।	চলমান রয়েছে	হ্যাঁ		

Delehi
২৭/১/২৩

০৪.	রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ ১৪/০২/২০২১	রাজশাহী রেশম কারখানা চালু হওয়ায় কারখানায় উৎপাদিত পণ্য মজুদ, বিক্রয়, বিক্রয়কৃত অর্থের হিসাব সংক্রান্ত “রাজশাহী রেশম কারখানার পণ্য ম্যানেজমেন্ট সেবা সহজিকরণ” শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত ধারণা বাস্তবায়ন করা হলে কারখানার হিসাবের স্বচ্ছতা থাকবে	চলমান রয়েছে	হ্যাঁ	www.silkbsdb.com
০৫.	পলুপালনে রোটারী মাউন্টেজ এর ব্যবহার ১৫/০৩/২০২২	এটি একটি কারিগরী জ্ঞান সম্পন্ন বিশেষায়িত কৃষি শিল্প। মূলত আমাদের দেশে আবহাওয়ার উপর ভিত্তি করে চারটি বন্ডে পলুপালন করা হয়ে থাকে। লাভজনক রেশম চাষ নির্ভর করে তুঁতচাষ ও পলুপালন উভয় ক্ষেত্রে কারিগরী প্রযুক্তির সঠিকভাবে প্রয়োগের উপরে। এদেশে পলুপালনের ক্ষেত্রে সাধারণভাবে বাঁশের তৈরী চন্দ্রকী ব্যবহার করা হয়ে থাকে। রোচারী মাউন্টেজ একধরনের চন্দ্রকী যা বাঁশের পরিবর্তে পাতলা কাঠ ও পেপার বোর্ড দ্বারা নির্মিত। এ প্রযুক্তি ব্যবহারের ফলে গুটির আকার আকৃতি সমান হবে, ডাবল গুটির পরিমাণ তুলনামূলকভাবে অনেক পরিমাণে কমে আসবে, গুটিতে ফেসোর শতকরা হার কম হবে, সহজে বায়ু চলাচলের ব্যবস্থা থাকায় গুটির রিলেবিলিটি (%) বৃদ্ধি হবে। এছাড়াও এ ধরনের চন্দ্রকীতে কোকুন হারভেস্ট ডিভাইজ ব্যবহারের সুযোগ থাকায় শ্রমিক ব্যয় তুলনামূলক সাশ্রয় হবে। বিশেষকরে বাইভোল্টাইন জাতের পলুপালনের ক্ষেত্রে এ প্রযুক্তি ব্যবহারের ফলে তুলনামূলকভাবে সুতার গুণগত মান ও উৎপাদন বৃদ্ধি পাবে।	চলমান রয়েছে	হ্যাঁ	
০৬.	রেশম ই-সেবা মাধ্যমে সেবা সহজিকরণ ২২/০২/২০২২	তুঁতগাছ ছাটাই প্রক্রিয়া যান্ত্রিকীকরণ বর্তমান তুঁতগাছ ছাটাইকরণের ক্ষেত্রে শ্রমিক দ্বারা করা হয়ে থাকে। এর ফলে সময় ও শ্রমিক ব্যয় বেশি হয়ে থাকে। কিন্তু ছাটাই প্রুনিং পদ্ধতি মেশিনের সাহায্যে যান্ত্রিকীকরণ করা হলে	চলমান রয়েছে	হ্যাঁ	

Redd,
29/2/22

		তুলনামূলকভাবে সময় ও শ্রমিক ব্যয় কমে আসবে। এতে স্বল্প সময়ে ও স্বল্প খরচে একজন তুঁতচাষী সহজে তার তুঁতবাগান ছাটাই করতে পারবে।				
০৭.	বাংলাদেশ জার্নাল অব সেরিকালচার এর অন লাইন সংস্করণ ২৫/১২/২০২১	বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট কর্তৃক বর্তমানে “জার্নাল” শিরোনামে একটি অন লাইন জার্নাল রয়েছে। যেখানে দেশের বা দেশের বাহিরের রেশম সংশ্লিষ্ট গবেষকগণ তাদের গবেষণালব্ধ ফলাফল প্রকাশ করে থাকেন। জার্নালটি অফলাইন হওয়ায় বর্তমানে গবেষকগণ তাদের গবেষণালব্ধ ফলাফল এ জার্নালে প্রকাশে অনাগ্রহ প্রকাশ করেছেন। তাই ডিজিটাল বাংলাদেশ এর সাথে সামঞ্জস্য রেখে অনলাইন জার্নাল প্রকাশ করা হলে গবেষকগণ তাদের ফলাফল সমূহ এ জার্নালে প্রকাশে আগ্রহী হবে এবং তথ্যসমূহ সহজলভ্য হবে। ফলে সংশ্লিষ্ট গবেষকগণসহ জার্নালটি সমৃদ্ধ হবে।	চলমান রয়েছে	হ্যাঁ	https://bdjrs.com	
০৮.	"ডিজিটাইজেশনের মাধ্যমে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মচারীদের ব্যক্তিগত তথ্য ব্যবস্থাপনা (PIMS)" ০২/০৫/২০২৩	"ডিজিটাইজেশনের মাধ্যমে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের কর্মচারীদের ব্যক্তিগত তথ্য ব্যবস্থাপনা (PIMS)" সংক্রান্ত একটি ডিজিটাল সেবা বাস্তবায়ন করা হয়েছে।	চলমান রয়েছে	হ্যাঁ	bsdbpims.com	


 ২৭/৩/২৩